

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

প্রশাসন-৪ অধিশাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[www.moi.gov.bd](http://www.moi.gov.bd)

নং- ১৫.০০.০০০০.০১৮.১২.০০৮.১২-৪৫২

তারিখঃ ২৮ আগস্ট, ১৪২২  
১৩ অক্টোবর, ২০১৫

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয়ের ০৫ মার্চ ২০১৪ তারিখের ৮০.৩০১ (গোপনীয়)/অংশ-১৮১৮/২০১৪/৭৩ নং সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থী-কে জাতীয় গণমাধ্যম ইনসিটিউটের “সহকারী পরিচালক (অর্থ)” (১ম শ্রেণী) পদে জাতীয় বেতনক্ষেত্র ২০০৯ এর টাকা ১১,০০০-৮৯০০৯-১৪,৪৩০-ইবি-৫৪০০১১-২০,৩৭০/- বেতনক্রমে বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রঃ নং	প্রার্থীর নাম, রেজিঃ নং এবং পিতা/মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১.	বেগম হেনা বিউটি রেজিঃ নং-২১৭৩৩১ পিতা-মোঃ এমদাদুল হক মাতা- শেফালী বেগম	গ্রাম-স্মানঘাটা ডাকঘর- স্মানঘাটা উপজেলা- কালকিনি জেলা- মাদারীপুর।	হেনা বিউটি প্রয়ে মোঃ নুরুল আমিন খান লিয়াঙ্গো অফিসার সমাজসেবা অধিদফতর আগারগাঁও, ঢাকা-১২০৭।

শর্তাবলীঃ

- (ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। তিনি ০২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন। প্রয়োজন হলে সরকার মেয়াদকাল আরো ০২ (দুই) বছর পর্যন্ত বৃদ্ধি করতে পারবে;
- (খ) শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন কিংবা তাঁর আচরণ ও কার্য সম্মোহনক না হয় তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ এবং বাংলাদেশ সরকারী কর্ম-কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরী হতে অপসারণ করা যাবে;
- (গ) শিক্ষানবিশকাল সম্মোহনক বিবেচিত হলে নিয়োগবিধির শর্ত অনুযায়ী তাঁর চাকুরি স্থায়ী করা হবে;
- (ঘ) চাকরিতে যোগদান করার পর তাঁকে প্রশিক্ষণে মনোনয়ন দেয়া হলে উক্ত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুড়িশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিসকাল উক্তীর্ণ হওয়ার ০৩ (তিনি) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন তবে উক্ত সময়ের মধ্যে তাঁকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণ ভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন;
- (ঙ) যদি তাঁর ইস্তফা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঘ) মোতাবেক সরকারের প্রাপ্য সমুদয় অর্থ ফেরৎ না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তাহলে উপ-অনুচ্ছেদ (ঘ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ Public Demand Recovery Act, 1913 (Bengal Act No.111 of 1913) এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আগীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- (চ) চাকরিতে জ্যেষ্ঠতা এতদসংক্রান্ত প্রচলিত বিধি-বিধানের আলোকে নির্ধারিত হবে;
- (ছ) তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- (জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (ঝ) চাকরিতে যোগদান কালে তাঁকে যোগদানপত্রের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) মূল্যের নন-জুড়িশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

চলমান পাতা-২

- (ঞ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্পর্কিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় তাকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;
- (ট) এ চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমন ভাতা/দৈনিক ভাতা পাবেন না; এবং
- (ঠ) এ নিয়োগ তার যোগদানের তারিখ হতে কার্যকর হবে।
- (ড) উক্ত নিয়োগে মাননীয় হাইকোর্ট এ “রীট পিটিশন নং-১১৪৫২/২০১৩ দায়ের থাকায় এ বিষয়ে যে কোন রায় মেনে নিতে বাধ্য থাকবেন।

২। উক্ত শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য হলে আগামী ১৫-১১-২০১৫ তারিখের মধ্যে মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনসিটিউট, ঢাকা বরাবর চাকুরীতে যোগদানের জন্য তাকে অনুরোধ করা হলো। উক্ত সময়ের মধ্যে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(নিলুফার নাজনীন)  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৬৭১০১  
admin4@moi.gov.bd

নং- ১৫.০০.০০০০.০১৮.১২.০০৮.১২-৪৫২/(১)৯

তারিখঃ----- ২৮ আশ্বিন, ১৪২২  
১৩ অক্টোবর, ২০১৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা
- ২। মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনসিটিউট, ১২৫/এ, দারুস সালাম, এ, ডেলিউ, চৌধুরী রোড, ঢাকা-১২১৬, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রজ্ঞাপনটি দেয়ার অনুরোধসহ)
- ৬। প্রধান হিসাব বক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৭। সহকারী সচিব, আইন ও শৃঙ্খলা শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। বেগম হেনা বিউটি, পিতা মোঃ এমদাদুল হক, মাতা-শেফালী বেগম,  
স্থায়ী ঠিকানাঃ গ্রাম- মানঘাটা, ডাকঘর- মানঘাটা, উপজেলা- কালকিনি, জেলা- মাদারীপুর।  
বর্তমান ঠিকানাঃ হেনা বিউটি প্রয়োঃ মোঃ নুরুল আমিন খান, লিয়াজো অফিসার, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও,  
ঢাকা-১২০৭।
- ৯। ব্যক্তিগত নথি।

নিলুফার  
(নিলুফার নাজনীন) ১৩/১০/১৫  
উপ-সচিব